গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা
www.gecp.edu.bd
e-mail:edwardcollegebd@yahoo.com

স্মারক নং-সএক/ ৫০৭ তারিখ- ২৪/০৫/২০২৬ খ্রি.

## ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি ও ১ম মেধা তালিকা হতে বিষয় পরিবর্তন সংক্রান্ত বিজ্ঞপ্তি ঃ

সংশ্লিষ্ট সকলকে অবগত করা যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা-এ **১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের** ভর্তি কার্যক্রম ও ১ম মেধা তালিকা হতে বিষয় পরিবর্তন সংক্রান্ত কার্যক্রম অনলাইনে নিম্নলিখিত তারিখ ও সময়সূচী অনুযায়ী সম্পন্ন করা হবে।

### ০১। ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি ফরম পূরণ, ফরম জমাদান, ভর্তি ফি জমাদানের সময়সূচী ও নির্দেশনা

| ক্রমিক | শিক্ষার্থীর করণীয় | তারিখ |
|---|---|---|
| ক) | ভর্তি ফরম পূরণ সংক্রান্ত নির্দেশনা :<br>জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions ) থেকে **অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখঃ**<br>**বি. দ্র.- ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোনো শিক্ষার্থী অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি ১১/০৬/২০২৬ তারিখের মধ্যে সংগ্রহ করতে ব্যর্থ হলে ২য় মেধা তালিকায় ভর্তির যোগ্যতা হারাবে।** | ০৩/০৬/২০২৬ থেকে ১১/০৬/২০২৬ |
| খ) | দ্বৈত ভর্তি সংক্রান্ত নির্দেশনা :<br>২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থী পূর্ববর্তী শিক্ষাবর্ষে যে কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি নির্ধারিত তারিখের মধ্যে ( ডানে উল্লেখিত তারিখ) বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে শিক্ষার্থীর ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। | ০৯/০৬/২০২৬ তারিখের মধ্যে |
| গ) | বিষয় পরিবর্তন সংক্রান্ত নির্দেশনা :<br>২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী তার বিষয় পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে চূড়ান্ত ভর্তি ফরমে বিষয় পরিবর্তনের নির্দিষ্ট ঘরে Yes অপশন সিলেক্ট করতে হবে। এ ক্ষেত্রে শিক্ষার্থীদের বিষয় পছন্দক্রম অনুযায়ী সংশ্লিষ্ট কলেজে বিষয়ভিত্তিক শূন্য আসনে মেধার ভিত্তিতে বিষয় পরিবর্তন করা হবে। বিষয় পরির্তন হলে পরিবর্তিত বিষয়ের শিক্ষার্থী হিসেবে বিবেচিত হবে। পরবর্তীতে কোনক্রমেই পূর্ববর্তী বিষয়ে থেকে যাওয়ার সুযোগ থাকবে না। | |
| ঘ) | **চূড়ান্ত ভর্তি ফরম জমাদানের স্থান ঃ মনোনীত বিভাগ**<br>চূড়ান্ত ভর্তি ফরম জমাদানের তারিখ ও সময় ঃ ০৪/০৬/২০২৬ হতে ১৩/০৬/২০২৬ **তারিখ দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত অথবা মনোনীত বিভাগ কর্তৃক নির্ধারিত তারিখ ও সময়( অবশ্যই ১৩/৬/২০২৬ তারিখের মধ্যে হতে হবে)** | |

০২। ভর্তি ফি-এর বিবরণ :

| ভর্তির বিভাগসমূহ | জাতীয় বিশ্ববিদ্যালয়ের পাওনা | কলেজের পাওনা বেতন ও সেশন ফি | ব্যবস্থাপনা ফি | বিভাগের পাওনা | সর্বমোট |
|---|---|---|---|---|---|
| বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, অর্থনীতি বিভাগ | ১,১৩০/- | ২৮১৬/- | ৫০/- | ২৫৮৫/- | ৬৫৮১/- |
| হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, ফিন্যান্স, মার্কেটিং বিভাগ | ১,১৩০/- | ২৮১৬/ | ৫০/- | ২৬৪৫/- | ৬৬৪১/- |
| পদার্থবিজ্ঞান, গণিত বিভাগ | ১,১৩০/- | ২৮১৬/ | ৫০/- | ৩২৩৫/- | ৭২৩১/- |
| রসায়ন বিভাগ | ১,১৩০/- | ২৮১৬/ | ৫০/- | ৩২৮৫/- | ৭২৮১/- |
| উদ্ভিদবিজ্ঞান বিভাগ, প্রাণিবিজ্ঞান বিভাগ | ১,১৩০/- | ২৮১৬/ | ৫০/- | ৩১৮৫/- | ৭১৮১/- |

০৩। ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যাদের বিষয় পবির্তন হয়েছে তাদের করণীয় :

| শিক্ষার্থীর করণীয় | তারিখ |
|---|---|
| (ক) পরিবর্তিত বিষয়ের ভর্তি ফরম সংগ্রহ সংক্রান্ত নির্দেশনা :<br>১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্য থেকে যাদের বিষয় পরিবর্তন হয়েছে তাদের পরিবর্তিত বিষয়ের ভর্তি ফরম অনলাইন থেকে ডাউনলোড করে এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ:<br>বি. দ্র.- উল্লেখ্য যে, কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন হলে তার পূর্বের বিষয়ের ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তিত বিষয়ে তার ভর্তি নিশ্চিত হবে। | ০৩/০৬/২০২৬ থেকে ১১/০৬/২০২৬ |

(খ) বিষয় পরিবর্তনের ভর্তি ফরম ( জাতীয় বিশ্ববিদ্যালয় ও কলেজের নির্দিষ্ট ওয়েবসাইট থেকে ডাউনলোকৃত) ও পে-স্লিপ পরিবর্তিত বিষয়ের বিভাগে জমা দিতে হবে।

(গ) বিষয় পরিবর্তনের ক্ষেত্রে যে সকল শিক্ষার্থীকে ফি প্রদান করতে হবে

| ক্রমিক নং | ১ম মেধায় ভর্তিকৃত বিষয় | ১ম মেধা হতে পরিবর্তিত বিষয় | ফি-এর পরিমান |
|---|---|---|---|
| ০১. | বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, অর্থনীতি বিভাগ | হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, ফিন্যান্স, মার্কেটিং বিভাগ | ৬০/- |
| ০২. | বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, অর্থনীতি বিভাগ | পদার্থবিজ্ঞান, গণিত বিভাগ | ৬৫০/- |
| ০৩. | বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, অর্থনীতি বিভাগ | উদ্ভিদবিজ্ঞান বিভাগ, প্রাণিবিজ্ঞান বিভাগ | ৬০০/- |
| ০৪. | বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, অর্থনীতি বিভাগ | রসায়ন বিভাগ | ৭০০/- |
| ০৫. | হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, ফিন্যান্স, মার্কেটিং বিভাগ | পদার্থবিজ্ঞান, গণিত বিভাগ | ৫৯০/- |
| ০৬. | হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, ফিন্যান্স, মার্কেটিং বিভাগ | উদ্ভিদবিজ্ঞান বিভাগ, প্রাণিবিজ্ঞান বিভাগ | ৫৪০/- |
| ০৭. | হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, ফিন্যান্স, মার্কেটিং বিভাগ | রসায়ন বিভাগ | ৬৪০/- |
| ০৮. | পদার্থবিজ্ঞান, গণিত বিভাগ | রসায়ন বিভাগ | ৫০/- |
| ০৯. | উদ্ভিদবিজ্ঞান বিভাগ, প্রাণিবিজ্ঞান বিভাগ | রসায়ন বিভাগ | ১০০/- |
| ১০. | উদ্ভিদবিজ্ঞান বিভাগ, প্রাণিবিজ্ঞান বিভাগ | পদার্থবিজ্ঞান, গণিত বিভাগ | ৫০/- |

০৪। কলেজের ভর্তি ফরম পূরণ ও টাকা জমাদান পদ্ধতি :

(ক) ভর্তির টাকা কলেজের ভর্তির নির্দিষ্ট ওয়েবসাইট https://edwardcollege.eshiksabd.com/ এ গিয়ে **User Name( edwardstudent), Password(edwardstudent)** দিয়ে **Sign in** করতে হবে।

(খ) এরপর **Click for Admission** এ ক্লিক করতে হবে। এরপর **Click for Admission Form** ⟹ **Select Group** ⟹ **Select Department** ⟹ **NU** Admission Roll ( Application ID) Click করলে **Admission Form** পাওয়া যাবে। **Admission Form**-এ চাহিত তথ্যাদি সঠিকভাবে পূরণ করে **Save** বাটনে ক্লিক করলে তথ্যাদি সংরক্ষিত থাকবে। উল্লেখ্য ভর্তি ফরমে সদ্য তোলা রঙিন ছবি আপলোড করতে হবে ।

(গ) এরপর ভর্তি ফি বাবদ মনোনীত বিভাগের জন্য প্রযোজ্য টাকার পরিমান মোবাইল অ্যাপ-বিকাশ, রকেট বা নগদ এর মাধ্যমে পরিশোধ করে Application Form Reprint অপশন থেকে পূরণকৃত ফরম ডাউনলোড করে ০৩ কপি প্রিন্ট নিতে হবে।

০৫। ২য় মেধা তালিকা হতে ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তি ফরমের (কলেজের ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম) সাথে যেসকল কাগজাদি জমা দিতে হবে ঃ

ক) ভর্তি ফি জমাদানের স্লিপ ;

খ) এস.এস.সি/ সমমান, এইচ.এস.সি / সমমান পরীক্ষার নম্বরপত্র/ সনদপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি

উপরোক্ত কাগজাদির দুইটি (০২) সেট মনোনীত বিভাগে জমা দিতে হবে।

০৬। বিভাগের করনীয় : বিষয় পরিবর্তনের শিক্ষার্থীদের ক্ষেত্রে যাদের উল্লিখিত ফি জমা দিতে হবে তাদের ফরম ও নির্দিষ্ট ফি জমাদানের স্লিপ জমা নিশ্চিত করতে হবে।

বিভাগ প্রতিদিনের ভর্তিকৃত শিক্ষার্থীর কাগজাদির এক সেট ক্লাস রোলের ক্রমানুসারে সাজিয়ে ভর্তি কমিটির নিকট জমা দিবে। একই সাথে বিভাগ পরিবর্তনের শিক্ষার্থীদের ক্ষেত্রে শুধুমাত্র কলেজের ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরমের সাথে যাদের উল্লিখিত ফি জমা দিতে হবে তাদের পে-স্লিপসহ এক সেট কাগজ কমিটির নিকট জমা দিতে হবে।

প্রতিস্বাক্ষর

২৪.০৫.২০২৫

( প্রফেসর মো: আব্দুল আউয়াল )
অধ্যক্ষ
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

২৪/৫/২৫

( প্রফেসর মোঃ আব্দুল হামিদ)
আহবায়ক
১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কমিটি ২০২৫-২০২৬
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

স্মারক নং-সএক/ তারিখঃ ২৪/০৫/২০২৬ খ্রি.

**অবগতি ও কার্যার্থে অনুলিপি দেয়া হলো ঃ**

১। উপাধ্যক্ষ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা
২-১৯। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা
২০। আহবায়ক, ওয়েব সাইট উন্নয়ন কমিটি, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা (ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)
২১। হিসাবরক্ষক, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা
২২। অফিসনথি।

২৪/৫/২৫

( প্রফেসর মোঃ আব্দুল হামিদ)
আহবায়ক
১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কমিটি ২০২৫-২০২৬
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা